দৈনিক ইনকিলাব

তারিখ 23 NOV 1998 পৃঃ ৪২ কলাম ৬

# মাধ্যমিক শিক্ষাস্তরে ড্রপআউট ৪৩ দশমিক ৬ শতাংশ

## —শিক্ষামন্ত্রী

**সংসদ রিপোর্টার ঃ** সংসদে মন্ত্রিপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী, শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, প্রাইভেটাইজেশন বোর্ড এ পর্যন্ত ১৭টি সরকারী মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান বিরাষ্ট্রীয়করণ/বিক্রয় করেছে। এছাড়া বোর্ড আরও ৯টি শিল্প প্রতিষ্ঠান হস্তান্তরের জন্য লেটার অব ইনটেন্ট ইস্যু করেছে।

গতকাল (রবিবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি একথা বলেন। হাজী মোহাম্মদ সেলিমের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, দেশে শিক্ষার্থীদের ড্রপআউট প্রাথমিক পর্যায়ে ৩৮ শতাংশ, মাধ্যমিক পর্যায়ে ৪৩ দশমিক ৬ শতাংশ, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৩৭ দশমিক ৮ শতাংশ, উচ্চ শিক্ষা স্নাতক পাস পর্যায়ে ৩৯ দশমিক ৬ শতাংশ।

**এতিমখানা**

আলী রেজা রাজুর প্রশ্নের জবাবে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী ডাঃ মোজাম্মেল হোসেন সংসদে বলেছেন, দেশের প্রতিটি জেলা সদরে সরকারীভাবে একটি করে এতিমখানা (শিশু সদন) স্থাপনের পরিকল্পনা সরকারের রয়েছে। ২০০১ সালের মধ্যে এই পরিকল্পনা বাস্তবায়িত হবে।